গণপ্রজাতন্ত্রী বাংলদেশ সরকার

## উপজেলা রিসোর্স সেন্টার

শিবচর, মাদারীপুর ।

**urcshibchar2013@gmail.com**

ইন্সট্রাক্টর, ইউআরসি, শিবচর, মাদারীপুর

এবং

সুপারিনটেনডেন্ট, পিটিআই, মাদারীপুর এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ থেকে ৩০ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ পর্যন্ত।

# সূচিপত্র

## উপজেলা রিসোর্স সেন্টার, শিবচর, মাদারীপুর-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র:


**সেকশন- ১** ইউআরসি,শিবচর, মাদারীপুর এর রূপকল্প (Vission) অভিলক্ষ্য (Mission) কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলী।

**সেকশন- ২** কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা সমূহ।

**সংযোজনী- ৩** শব্দ সংক্ষেপ (Acronyms).

# ভূমিকা

প্রাথমিক শিক্ষার গুনগত মান নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষকদের পেশাগত দক্ষতা বৃদ্ধির ক্ষেত্রে প্রশিক্ষণের কোন বিকল্প নেই। প্রশিক্ষণ কার্যক্রম মাঠপর্যায়ে বিস্তরণের লক্ষ্যে সরকার ১৯৯৮-২০০৪ সাল পর্যন্ত ৪৮১টি উপজেলা/থানায় একটি করে ইউআরসি/টিআরসি স্থাপন করেন। বিভিন্ন সময়ে আরও ২৪টি উপজেলা বৃদ্ধি পেলে ২০১৩ সালে আরও ২৪টি ইউআরসি স্থাপন করা হয়। পূর্বে উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ইউআরসি স্থাপন ও জনবল নিয়োগ করা হলেও ২০০৫ সালে জনবলসহ ইউআরসি রাজস্ব খাতে স্থানান্তরিত হয়। বর্তমানে ইউআরসি'র জনবল সম্মানের সহিত দায়িত্ব পালন করে চলছে। ইউআরসিতে নানা প্রতিবন্ধকতা থাকা সত্বেও সাম্প্রতিক বছরগুলোতে তার উপর অর্পিত দায়িত্ব যথাসময়ে যথাযথ ভাবে সুসম্পন্ন হয়েছে। ইউআরসি তার উপর অর্পিত দায়িত্ব পালনে ভিশন ২০২১ এবং ২০৪১ সরকারের নেয়া পদক্ষেপগুলোকে এগিয়ে নিতে সদা প্রস্তত ।

# ইউআরসি, শিবচর, মাদারীপর এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the performance of the URC, Shibchar, Madaripur.

## সাম্প্রতিক বছর সমূহের (বিগত ৩ বছরের) প্রধান অর্জন সমূহ-

প্রাথমিক শিক্ষার গুরুত্ব উপলব্ধি করে ইউআরসি স্থাপনের পর হতে সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে ইউআরসি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। শ্রেণিকক্ষে শিক্ষকদের পাঠদানের মান উন্নয়নসহ বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের প্রশাসনিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ইউআরসি বিভিন্ন প্রশিক্ষণ ও কর্মশালা বাস্তবায়ন করছে। অত্র ইউআরসি'তে বিগত ৩ বছরের পিইডিপি-৪ এর অর্থায়নে বিষয়ভিত্তিক বাংলা ১৩ ব্যাচ, বিষয়ভিত্তিক ইংরেজি ১৯ ব্যাচ, বিষয়ভিত্তিক প্রাথমিক গণিত ১৬ ব্যাচ, বাংলাদেশ ও বিশ্বপরিচয় ০৭ ব্যাচ, বিষয়ভিত্তিক বিজ্ঞান ১৩ ব্যাচ, লিডারশিপ ০৪ ব্যাচ, প্রাক প্রাথমিক শিক্ষা ০৬ ব্যাচ, শিক্ষাক্রম বিস্তরণ প্রশিক্ষণ ৩৭ ব্যাচ, একীভূতকরণের কৌশল প্রশিক্ষণ ০৭ ব্যাচ এবং ইনডাকশন ০৬ ব্যাচ প্রশিক্ষণ পরিচালনা করছে। Training Tracking Software-এর আওতায় সকল শিক্ষকের Training সংক্রান্ত যাবতীয় তথ্যাদি সন্নিবেশিত হয়েছে। সাব-ক্লাস্টার প্রশিক্ষণটি চাহিদাভিত্তিক হওয়ায় বিগত বছরগুলোতে সাব-ক্লাস্টার প্রশিক্ষণের ম্যানুয়াল ইউআরসি প্রণয়ন করে সহকারী উপজেলা শিক্ষা অফিসারের সাথে তার সহযোগী সকল প্রশিক্ষককে নিয়ে ম্যানুয়াল অবহিতকরণ সভা করেছেন। নিয়মিত বিদ্যালয় পরিদর্শণ, সাব-ক্লাস্টার প্রশিক্ষণ পরিদর্শণ এবং পাক্ষিক সভায় অংশগ্রহণ করে বিদ্যালয়ের শিক্ষকদের পাঠদান ব্যবস্থা মানসম্মত করার লক্ষ্যে কাজ করা হচ্ছে। বিভাগীয় কর্মসম্পাদনের পাশাপাশি সরকার কর্তৃক বিভিন্ন আদেশ, নির্দেশ, সভা সেমিনার, বার্ষিক ও সাংস্কৃতিক প্রতিযোগিতা, চিত্রাংকন, ডিজিটাল মেলা, শিক্ষাপোকরণ মেলা, মিনা মেলা, বিভিন্ন দূর্যোগ মোকাবেলায় দায়িত্ব পালন ও ত্রাণ কার্যক্রম পরিচালনায় সাহায্য করা, মা ও অভিভাবক সমাবেশ, উঠোন বৈঠক, বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ টুর্ণামেন্টে সহযোগিতা দান, মাসিক সমন্বয় সভা, জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ করে যাচ্ছে। প্রতিটি বিদ্যালয়ে শতভাগ মিড-ডে মিল নিশ্চিত করণের জন্য কাজ করা হচ্ছে। শিক্ষক ডাটা বেইজ প্রস্তুত করা হয়েছে এবং প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন্নে আবদান রাখাসহ বিভিন্ন কর্মকান্ডে অংশগ্রহণ করে সরকারের নেয়া ভিশন ২০২১ ও ২০৪১ বাস্তবায়নে সরকারের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে ইউআরসি দায়িত্ব পালন করে যাচ্ছে।

# ২০২৪-২৫ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ

- প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা।
- কনটেন্ট ভিত্তিক পাঠদানের জন্য শ্রেণি কক্ষে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া ব্যবহারে শিক্ষকদের প্রয়োজনীয় সহায়তা প্রদান ও উদ্বুদ্ধ করন।
- ICT ভিত্তিক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন।
- প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম ফলপ্রসূ করার জন্য শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান ও বিদ্যালয় পর্যায়ে বাস্তবায়নে সহায়তা প্রদান।
- পরিদর্শন কার্যক্রম ফলপ্রসূ ও জোরদার করা।
- শিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ।
- প্রশিক্ষণ পরবর্তী বিদ্যালয়ে বাস্তবায়নে শিক্ষকদের প্রয়োজনীয় সহায়তা প্রদান।
- এসআরএম এর কার্যকর ব্যবহার নিশ্চিতকরণ।
- শিক্ষকদের মধ্যে একটি মজবুত নেটওয়ার্ক (TSN) তৈরী করা;
- অধিদপ্তর কর্তক নির্দেশিত সকল প্রশিক্ষণ যথাযথভাবে বাস্তবায়ন করা।
- প্রশিক্ষণ কার্যক্রম অনলাইন ও সরাসরি মনিটরিং করা;
- প্রশিক্ষণার্থীর সাথে প্রতি ব্যাচে শুদ্ধাচার সম্পর্কে আলোচনা;
- প্রশিক্ষণে প্রতি ব্যাচে শিশু ও নারী পাচার, মাদক বিরোধী এবং জঙ্গি বিরোধী আলোচনা;
- উপজেলা প্রশাসনের সাথে জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন;
- প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের নির্ধারিত সকল প্রশিক্ষণ প্রদান;
- পরিদর্শন ও একাডেমিক সুপারভিশন কার্যক্রম ফলপ্রসু ও জোরদার করা।

# উপক্রমনিকা

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করণের মাধ্যমে রূপকল্প ২০২৪-২৫ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

## সুপারিনটেনডেন্ট পিটিআই মাদারীপুর

## এবং

## ইন্সট্রাক্টর, ইউআরসি,শিবচর , মাদারীপুর এর মধ্যে ২০২৪ সালের জুন মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

### এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয় সমূহে সম্মত হলো:

## সেকশন-১

### ইউআরসি, শিবচর, মাদারীপুর এর রূপকল্প (Vission) অভিলক্ষ্য (Mission) কৌশলগত উদ্দেশ্য সমূহ এবং কার্যাবলি

১.১ রূপকথা (Vission)

সদর, মাদারীপুর উপজেলার প্রাথমিক শিক্ষার মানসম্মত সুষম ও একীভূত শিক্ষা নিশ্চিত করা।

১.২ অভিলক্ষ্য (Mission)

যথাযথ প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়নের মাধ্যমে প্রাথমিক শিক্ষার গুনগত মান উন্নয়ন এবং একীভূত ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরা।

১.৩ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্য সমূহ

১. সার্বজনীন ও বৈষম্যহীণ প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ।

২. মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ।

৩. প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনার উন্নয়ন (বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা)।

# সেকশন ২

# কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য **(Strategic Objectives)** | কৌশলগত উদ্দেশ্যর মান **(Weight of Strategic Objective)** | কার্যক্রম **(Activities)** | কর্মসম্পাদন সূচক **Performance Indicators)** | একক **(Unit )** | কর্মসম্পাদন সূচকের মান **(Weight of Performanc e Indicators)** | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক **২০২৪-২৫** **(Target /Criteria Value for ঋণ ২০২৪-২৫)** | | | | | প্রক্ষেপন (Projection) ২০২৪-২৫ | প্র (P ২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৩-২৪* | ২০২৪-২৫* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের . নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | |
| **কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| ১.সার্বজনীন ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ। | ২০ | [১.১] বিদ্যালয়ের রুটিন মেরামত ও রক্ষণাবেক্ষণ পর্যবেক্ষণ | [১.১.১] পর্যবেক্ষনকৃত বিদ্যালয় | সংখ্যা ২০৪ | ২.০০ | ১৩৫ | ১৪০ | - | ৯০% | - | - | - | সংখ্যা-২০৪ ১০০% | স |
| | | [১.২] প্রাক-প্রাথমিক শ্রেণি পাঠদান কার্যক্রম পর্যবেক্ষণ। | [১.২.১] আওতাভূক্ত বিদ্যালয় | সংখ্যা ২০৪ (ক্রমপুঞ্জীভূত) | ৩.০০ | ১৩০ | ১২৯ | ৯০% | - | - | - | - | সংখ্যা-২০৪ ১০০% | স |
| | | [১.৩] ঝরে পড়া রোধে হোম ভিজিট জোরদার করা এবং অভিভাবকদের সচেতনতা বৃদ্ধি করা। | [১.৩.১] উপকারভোগী শিক্ষার্থী | সংখ্যা | ২.০০ | ২৭৮০ | ৩২০৬ | - | - | - | ৭০% | - | সংখ্যা-৫০০০ ৮০% | সং |
| | | [ ১.৪] বার্ষিক ম্যাগাজিন প্রকাশ | [১.৪.১] প্রকাশিত বার্ষিক ম্যাগাজিন | সংখ্যা | ৪.০০ | ০১ | ০১ | | ৯০% | | | | ১০০% | ১ |
| | | [১.৫] আন্তঃপ্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা | [১.৫.১] অংশগ্রহণকারী বিদ্যালয় সংখ্যা। | সংখ্যা ২০৪ | ৫.০ | ১১৫ | ১১৫ | ১০০% | - | - | - | - | সংখ্যা-১২৫ ১০০% | সং |
| | | [১.৬] সামাজিক উদ্বুদ্ধকরণ | [১.৬.১] মা সমাবেশ/ অভিভাবক সমাবেশ | সংখ্যা ২০৪ | ৪.০০ | ৫২ | ৫৪ | - | - | ৮০% | - | - | সংখ্যা-১২৫ ১০০% | সং |
| [২] মানসম্মত | ২০ | [২.১] ৫ম শ্রেণির | [২.১.১] উত্তীর্ণ | সংখ্যা | ৪.০০ | ৯৯.৮৫ | ৯৭.৮৩ | - | ৯০% | - | - | - | ১০০% | ১ |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ | | বার্ষিক পরীক্ষা অংশগ্রহণ | শিক্ষার্থী | | | | | | | | | | | |
| | | [২.২] বিদ্যালয় পরিদর্শন | [২.২.১] বিদ্যালয় পরিদর্শন | বিদ্যাঃ সংখ্যা ২০৪ | ৪.০০ | ৮৪ | ২১ | - | - | ২৫% | - | - | সংখ্যা-১৪৪ ১০০% | স |
| | | [২.৩] শিক্ষকদের দক্ষতার উন্নয়ন | [২.৩.১] বিষয় ভিত্তিক প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক | সংখ্যা | ৫.০০ | ৬৪২ | ৪৩০ | ১০০% | | - | - | - | ১০০% | |
| | | [২.৪] সাব-ক্লাস্টার পরিদর্শন | [২.৪.৪] সাব-ক্লাস্টার পরিদর্শন | সংখ্যা | ৩.০০ | ২৪ | ২৪ | - ১০০% | | - | - | - | সংখ্যা-২৪ ১০০% | স |
| | | [২.৫] সাব ক্লাস্টার লিফলেট | [২.৫.১]প্রণিত সাব-ক্লাস্টার লিফলেট | সংখ্যা | ৪.০০ | ৪ | ৪ | ১০০% | | - | - | - | সংখ্যা-১২ ১০০% | স |
| [৩] প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা উন্নয়ন | ১০ | [৩.১] স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান (SLIP) তৈরিতে সহায়তা | [৩.১.১ (SLIP) ফান্ডপ্রাপ্ত বিদ্যালয় | সংখ্যা ২০৪ | ৩.০০ | ৮০% | ৮৫% | - | - | ৮০% | - | - | সংখ্যা-১৪৪ ১০০% | সং |
| | | [৩.২] ইউআরসি ব্যবস্থাপনার মানোন্নয়ন | [৩.২.১] সুপারের নেতৃত্বে ইউআরসি ইন্সট্রাক্টরদের সমন্বয়ে অনুষ্ঠিত মাসিক সভায় অংশগ্রহণ | সংখ্যা | ৪.০০ | ১২ | ১২ | | ৯০% | ৩ | ২৫% | - | সংখ্যা-১২ ১০০% | স |
| | | [৩.৩] বিদ্যালয় ব্যবস্থাপনায় এসএমসির অংশগ্রহণ | [৩.৩.১] এসএম.সির সভা অনুষ্ঠান | সংখ্যা ২০৪ | ৩.০০ | ২৫ | ৩০ | - | - | - | ৭০% | - | সংখ্যা-৪৮ ১০০% | সংখ ১০ |

ঠ পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

(মোট নম্বর-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা নির্ণায়ক (২০২৪-২৫) | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of P I) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০ % | ৭০ % | ৬০ % |
| সঙ্গে কর্মসম্পাদন বায়ন | ০৯ | ২০২৪-২৫ অর্থ বছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ ৩০/০৬/২৪ | ১ | - | - | ৮০% | - | - |
| | | ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা ১৭/০৯/২৪ | ২ | - | - | ৮০% | - | - |
| | | ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ ২৫/১২/২৪ | ১ | - | - | ৮০% | - | - |
| | | ২০২৪-২৫ অর্থ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | তারিখ ১০/০৩/২৪ | ১ | - | - | ৮০% | - | - |
| | | ২০২৪-২৫ অর্থ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ ১৫/০৬/২৪ | | | | | | |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত | তারিখ ডিসেম্বর | ১ | - | - | ৮০% | - | - |
| | | | এসআইপি বাস্তবায়িত | % | ১ | - | - | - | - | - |
| | | সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ২৫% | - | ৮০% | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ ৩ মাস অন্তর অন্তর | ১ | - | - | - | - | - |
| ও ার | ৪ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কমৃকর্তা/কমৃচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘন্টা পরবর্তী মাসে ২ ঘন্টা | ২ | - | - | - | - | - |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ পরবর্তী | ১ | ২৫% | - | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা ০৪ | ১ | - | - | - | - | - |
| ার | ২ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ১০০% | ২ | ১০০% | - | - | - | - |

# কর্মসম্পাদন চুক্তিসমূহ বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের বিবরণ এবং পরিমাপ পদ্ধতি

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | | [১.১.১] নির্মিত শ্রেণিকক্ষ | জরাজীর্ণ এবং জনাকীর্ণ বিদ্যালয় গুলিতে ৫০ জন শিক্ষার্থীকে একসঙ্গে পাঠদান করানো যায় এমন শ্রেণিকক্ষ নির্মাণ। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ২ | | [১.২.১] স্থাপিত নলকূপ | প্রকৃত চাহিদার ভিত্তিতে বিশুদ্ধ এবং আর্সেনিকমুক্ত খাবার পানি সরবরাহের লক্ষ্যে গভীর/অগভীর এবং তারা পাম্প স্থাপন | জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তর ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ৩ | | [১.৩.১]নির্মিত ওয়াশব্লক | পিইডিপি-৪ এর আওতায় হাত-পা ধোয়ার সুবিধা সংবলিত ওয়াশব্লক নির্মাণ। উল্লেখ্য প্রতি বিদ্যালয়ে ২টি ওয়াশব্লক (একটি ছাত্র ও পুরুষ শিক্ষকদের জন্য এবং অপরটি ছাত্রী ও মহিলা শিক্ষকদের জন্য) থাকবে। | জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ৪ | | [১.৪.১] উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রী | ভর্তির হার বৃদ্ধি এবং ঝরে পড়ার হার কমানোর লক্ষ্যে উপবৃত্তি প্রদান প্রকল্পের আওতায় গরীব পরিবারের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি প্রদান। | প্রকল্প পরিচালক, উপবৃত্তি প্রদান প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | প্রকল্প পরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | |
| ৫ | | [১.৫.১] উপকার ভোগী শিক্ষার্থী | ভর্তির হার বৃদ্ধি এবং ঝড়ে পরার হার কমানোর লক্ষ্যে প্রতি শিক্ষার্থীকে উচ্চ পুষ্টিমান সম্পন্ন ৭৫ গ্রাম বিস্কুট প্রদান। | প্রকল্প পরিচালক, স্কুল ফিডিং প্রোগ্রাম, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | প্রকল্প পরিচালকের কার্যালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ৬ | | [১.৬.১] বিতরণকৃত পাঠ্যপুস্তক | প্রতিবছর ৩১ ডিসেম্বরের মধ্যে ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত প্রতি শিক্ষার্থীর হাতে বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ। | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৭ | | [১.৭.১] মেরামতকৃত বিদ্যালয় | পিইডিপি-4 এর আওতায় চাহিদা মোতাবেক বড়/ছোট ধরনের মেরামত ও সংস্কার। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ৮ | | [১.৮.১] আওতাভুক্ত বিদ্যালয় | দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে ৫ বছর বয়সী শিশুদের কে প্রাক-প্রাথমিক শ্রেণিতে ভর্তি করা ও বছরব্যাপী শিক্ষা কার্যক্রম। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ৯ | | [১.৯.১] নিয়োগ প্রাপ্ত শিক্ষক | প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য, নতুন জাতীয়করণকৃত বিদ্যালয়সমূহের জন্য এবং পেনশন জনিত কারনে শূন্য হওয়া সহকারী শিক্ষক পদের নিয়োগ প্রদান কার্যক্রম। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ১০ | | [১.১০.১] নতুন স্থাপিত প্রাথমিক বিদ্যালয় | বিদ্যালয়বিহীন গ্রামে নতুন প্রাথমিক বিদ্যালয় (প্রতি বিদ্যালয়ে ৩ টি শ্রেণিকক্ষ এবং ১ টি শিক্ষক কক্ষ) স্থাপন। নতুন বিদ্যালয় স্থাপনের জন্য স্থায়ীভাবে ৩৩ শতাংশ জমি অনুদানের মাধ্যমে সংগ্রহ করা। | প্রকল্প পরিচালক, বিদ্যালয়বিহীন এলাকায় ১৫০০ বিদ্যালয় স্থাপন প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | প্রকল্প পরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ১১ | | [১.১১.১] উপকার ভোগী শিক্ষার্থী | সুবিধা বঞ্চিত এবং ঝড়ে পরা শিক্ষার্থীদের বিদ্যালয়মুখী করার জন্য শিক্ষা সহায়তা প্রদান। | প্রকল্প পরিচালক, রস্ক প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | প্রকল্প পরিচালকের কার্যালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| ১২ | | [২.১.১] স্লিপ ফান্ড প্রাপ্ত বিদ্যালয় | প্রতিবছর বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য প্রতিটি বিদ্যালয়কে স্লিপ ফান্ডের মাধ্যমে ৩০ হাজার টাকা প্রদান। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১৩ | | [২.৩.১] উত্তীর্ণ শিক্ষার্থী | প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়ন এবং শিক্ষার্থীদের শিক্ষার মানে সমতা আনয়নের উদ্দেশ্যে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা প্রবর্তন। প্রতিবছর নভেম্বরের শেষের দিকে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ১৪ | | [২.৪.১] যোগ্যতাভিত্তিক প্রশ্নের হার | প্রাথমিক শিক্ষা সমাপনী পরিক্ষায় যোগ্যতা ভিত্তিক প্রশ্নপত্র প্রণয়ন | জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমীর সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ১৫ | | [২.৫.১] প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | প্রতিটি পিটিআই এ 90 জন হিসাবে 67 টি পিটিআই এ মোট 6030 শিক্ষককে বিটিপিটি ১০ মাস মেয়াদী প্রশিক্ষন প্রদান | পিটিআইয়ের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ১৬ | | [২.৬.১] ক্রয়কৃত আইসিটি যন্ত্রপাতির সেট | প্রাথমিক শিক্ষায় আইসিটি বিষয়ক জ্ঞানের অন্তর্ভুক্তিকরণের লক্ষ্যে পর্যায়ভিত্তিক ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর ক্রয় ও বিতরণ। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ১৭ | | [৩.১.১] প্রণীত বই | সাক্ষরতা বিষয়ে নিরক্ষরজনদের প্রশিক্ষণ প্রদানের জন্য বইয়ের পান্ডুলিপি খসড়া প্রণয়ন ও অনুমোদন। | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর বার্ষিক প্রতিবেদন | |
| ১৮ | | [৩.২.১] মৌলিক সাক্ষরতা গ্রহণকারী নিরক্ষরজন | ডিপিপি এর লক্ষ্যমাত্রা অনুযায়ী নিরক্ষর জনগোষ্ঠিকে সাক্ষরতা অর্জনের লক্ষ্যে ৬ মাসের শিক্ষা প্রদান | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অধিদপ্তর | এলজিইডি | [১.১.১] নির্মিত শ্রেণিকক্ষ<br>[১.১০.১] নতুন স্থাপিত প্রাথমিক বিদ্যালয়<br>[২.২.১] নির্মিত নতুন পিটিআই | নির্ধারিত সময়ে টেন্ডার আহবান ও নির্মাণ কাজ পর্যবেক্ষণ | মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তালিকা মন্ত্রণালয় অনুমোদন করা হয়। নির্মাণ সংক্রান্ত সকল কাজ (টেন্ডার আহবান হতে বিল প্রদান) এলজিইডি কর্তৃক করা হয়। | শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম জোরদার, বিদ্যালয়ে পাঠদান পরিবেশ নিশ্চিতকরণ বিলম্বিত হবে। |
| অধিদপ্তর | ডিপিএইচই | [১.২.১] স্থাপিত নলকূপ<br>[১.৩.১]নির্মিত ওয়াশব্লক | নির্ধারিত সময়ে টেন্ডার আহবান ও নির্মাণ কাজ পর্যবেক্ষণ | মন্ত্রণালয় থেকে কেবল তালিকা অনুমোদন করা হয়। নির্মাণ সংক্রান্ত সকল কাজ (টেন্ডার আহবান, বিল প্রদানসহ) ডিপিএইচই কর্তৃক করা হয়। | সুপেয় পানি ও স্যানিটেশন নিশ্চিতকরণ বিলম্বিত হবে। |
| বোর্ড | এনসিটিবি | [১.৬.১] বিতরণকৃত পাঠ্যপুস্তক | নির্ধারিত সময়ের মধ্যে পাঠ্যপুস্তক মুদ্রন ও সরবরাহ। | বই মুদ্রণের জন্য টেন্ডার থেকে আহবান, বিল প্রদান ইত্যাদি কাজ এনসিটিবি কর্তৃক করা হয়। | নির্ধারিত সময়ে পাঠ্যপুস্তক পাওয়া যাবে না। |

আমি ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার,শিবচর,মাদারীপুর সুপারিনটেনডেন্ট, পিটিআই মাদারীপুর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব এবং সংশ্লিষ্ট কার্যালয়কে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

(এস.এম.আমিন উদ্দিন মিয়া)
ইন্সট্রাক্টর(চ.দা.)
ইউআরসি, শিবচর, মাদারীপুর।

তারিখ: ২৫/০৬/২০২৪

(জনাব মো: আতোয়ার রহমান বিশ্বাস)
সুপারিনটেনডেন্ট
পিটিআই, মাদারীপুর।

তারিখ: 25/6/24